

Times Today BD

সংগীত কুমার | ক্যাম্পাস | 22 May, 2025

ইসলামী বিশ্ববিদ্যালয়ে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জন্মজয়ন্তী ২০২৫ উপলক্ষে আয়োজিত আলোচনা ও সেমিনারে বক্তারা বলেছেন, নজরুল শুধু একজন কবি নন, তিনি ছিলেন সাম্য, মানবতা ও প্রতিবাদী চেতনার প্রতীক। বাঙালির লড়াকু মনোভাব ও স্বাধীনতার আকাঙ্ক্ষা জাগরণে নজরুল ছিলেন অগ্রপথিক।

মঙ্গলবার (২১ মে) বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য প্রফেসর ড. নকীব মোহাম্মদ নসরুল্লাহ বলেন, “নজরুল তাঁর সাহিত্যকর্মে সাম্য, সাম্প্রদায়িক সম্প্রীতি ও মানবমুক্তির মূল্যবোধকে তুলে ধরেছেন। বাঙালিকে বারবার তিনি জাগিয়ে তুলেছেন। এমনকি ১৯৪৭ সালের ২৪ জুলাইয়ের ঘটনাবলিও নজরুল-চেতনায় উদ্দীপ্ত ছিল।”

তিনি আরও বলেন, “স্বাধীন বাংলাদেশের স্বপ্ন ও মূল্যবোধ নজরুলের সাহিত্যেই নিহিত। কিন্তু স্বাধীনতার পাঁচ দশক পেরিয়ে আজও সেই মূল্যবোধ অর্জনে আমাদের ব্যর্থতা রয়েছে। তাই নজরুলের চেতনায় জাতিকে ঐক্যবদ্ধ হওয়া এখন সময়ের দাবি।”

অনুষ্ঠানে মূখ্য আলোচক হিসেবে বক্তব্য রাখেন বিশিষ্ট নজরুল গবেষক ও দৈনিক যুগান্তরের সম্পাদক কবি আবদুল হাই শিকদার। তিনি বলেন, “নজরুলের চিন্তা ও কর্মে সর্বজনীন মানবতা প্রতিফলিত হয়েছে। নারী-পুরুষ, হিন্দু-মুসলমান নির্বিশেষে সব মানুষের সম্মিলনে যে ‘অভেদসুন্দর’ সাম্যের কথা তিনি বলেছেন, তা বিশ্ব সাহিত্যের জন্য গৌরবজনক।”

তিনি আরও বলেন, “নজরুল তাঁর ‘বাঙালির বাংলা’ প্রবন্ধে বাঙালির আত্মপ্রকাশ ও স্বাধীনতার কথা বলেছেন। তিনি বিশ্বাস করতেন, বাঙালি যখন একসাথে বলবে ‘বাঙালির বাংলা’, তখনই স্বাধীনতার পথে অগ্রসর হবে। সেই আত্মবোধ জাগাতে হবে আমাদের।”

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপ-উপাচার্য প্রফেসর ড. এম এয়াকুব আলী এবং ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম।

প্রফেসর এয়াকুব আলী বলেন, “জাতীয় কবির স্বপ্ন ও আকাঙ্ক্ষা বাস্তবায়নের মাধ্যমেই তাকে যথাযথ মর্যাদা দেওয়া সম্ভব। নজরুল নিয়ে পঠন-পাঠন ও গবেষণা বাড়াতে হবে।”

প্রফেসর জাহাঙ্গীর আলম বলেন, “নজরুল যে দল-মত-ধর্মনিরপেক্ষ ঐক্যের কথা বলেছেন, তা বর্তমান বাংলাদেশে প্রতিষ্ঠা করতে পারলেই তার আদর্শের বাস্তব প্রতিফলন ঘটবে।”

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলা বিভাগের সভাপতি প্রফেসর ড. মো. মনজুর রহমান। সঞ্চালনায় ছিলেন কলা অনুষদের ডিন প্রফেসর ড. এমতাজ হোসেন।

বাংলা বিভাগের সহযোগিতায় অনুষ্ঠিত এ অনুষ্ঠানে শিক্ষার্থী, শিক্ষক ও গবেষকরা উপস্থিত ছিলেন।

ইসলামী বিশ্ববিদ্যালয় কবি কাজী নজরুল ইসলাম

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:27

URL: <https://www.timestodaybd.com/campus/2804649492>